# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ৯. ৪৮. শয়তানরা বন্দি না মুক্ত?

ইহুদি-খ্রিষ্টান বিশ্বাস অনুসারে শয়তান একজন ফেরেশতা, যে অবাধ্যতার কারণে পতিত হয়। তার এবং তার বাহিনীর অবস্থা সম্পর্কে বাইবেলে পরস্পর বিরোধী বক্তব্য বিদ্যমান। যিহূদা/ এহুদা ১/৬ বলছে: ‘‘আর যে ফেরেশতারা নিজেদের অধিকারের সীমা রক্ষা না করে নিজের বাসস্থান পরিত্যাগ করেছিল, তাদেরকে তিনি মহাদিনের বিচারের জন্য ঘোর অন্ধকারের অধীনে অনন্তকালীন শিকলে বেঁধে রেখেছেন।’’ (মো.-১৩)

এ থেকে জানা গেল যে, শয়তানরা কিয়ামত পর্যন্ত অনন্তকালীন শৃঙ্খলে আবদ্ধ রয়েছে। কিন্তু ইয়োবের পুস্তকের ১ম ও ২য় অধ্যায় থেকে জানা যায় যে, শয়তানরা বন্দি নয়, বরং পুর্ণ স্বাধীনতা ভোগ করছে এবং ঈশ্বরের দরবারেও উপস্থিত হয়। (ইয়োব ১/৬-১২, ২/১-৭)

অনুরূপভাবে ২ পিতর ২/৪ বলছে: ‘‘কারণ যে ফেরেশতারা গুনাহ করেছিল আল্লাহ তাদেরকে মাফ করেননি, কিন্তু দোজখের অন্ধকার কারাকূপে ফেলে দিয়ে বিচারের জন্য রেখে দিয়েছেন।’’ (মো.-১৩)

অথচ মথির চতুর্থ অধ্যায় থেকে জানা যায় যে, গুনাহকারী ফেরেশতা বা শয়তানরা মুক্ত রয়েছে; কারণ শয়তান স্বয়ং যীশুকে পরীক্ষা করে। (মথি ৪/১-১১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14130

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন